

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
www.cabinet.gov.bd


স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২১.২৯.১১৪.১৬.৬৭২

০৬ বৈশাখ ১৪২৪
তারিখ:-----
১৯ এপ্রিল ২০১৭

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির এপিএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিলকৃত কপি প্রেরণ।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা ৩০ এপ্রিল হতে ০৫ জুন ২০১৭ তারিখ পর্যন্ত এসএসপিএস সভাকক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ, ৮ম তলা, সরকারি পরিবহন পুলভবনে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত কর্মশালায় সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সদস্যবৃন্দ, মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত টিমের সদস্যবৃন্দ অংশগ্রহণ করবেন।

২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার এপিএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিলকৃত ০৮ (আট) কপি আগামী ২৮ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোহাম্মদ কামরুল হাসান)
উপসচিব

ফোন: ৯৫১৩৩৭১

ই-মেইল: gpm_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ

সদয় জ্ঞাতার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।